31

ভোরের কাগজ

তারিখ ... JAN..7 .. 1999 ... ...
পৃষ্ঠা: ১০ কলাম ৬

# বাউবির নতুন ক্যাম্পাস উদ্বোধন

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) নতুন ক্যাম্পাসের উদ্বোধন করা হয়েছে। গত মঙ্গলবার বাউবির উপাচার্য প্রফেসর এম আমিনুল ইসলাম এক অনুষ্ঠানের মাধ্যমে নতুন ক্যাম্পাসের উদ্বোধন করেন। উদ্বোধনী অনুষ্ঠানে বাউবির উপউপাচার্য, বিভিন্ন অনুষদের ডীন, পরিচালকসহ বাউবির সকল কর্মকর্তা/কর্মচারী উপস্থিত ছিলেন।

ঢাকা থেকে ৩৫ কি. মি. দূরে গাজীপুরের বোর্ড বাজারে অবস্থিত এ ক্যাম্পাসে রয়েছে ছয়টি স্কুল, অত্যাধুনিক মিডিয়া সেন্টার, পিপিডি ভবন ও গ্রন্থাগার ভবন। ক্যাম্পাসের নতুন ভবনসমূহে যাবতীয় শিক্ষা কার্যক্রম শুরু হয়েছে।

বাউবির নতুন ক্যাম্পাস উদ্বোধন উপলক্ষে উপাচার্য প্রফেসর এম আমিনুল ইসলাম আশাবাদ ব্যক্ত করে বলেন, বাউবির এই ক্যাম্পাসের নিরিবিলি পরিবেশ সকলের কাজের গতিতে নতুন মাত্রা যোগ করবে। বিজ্ঞপ্তি।